**প্রেস রিলিজ**
**১৮ অক্টোবর ২০২৫**

# "পাইকগাছায় বাউবির উপ-আঞ্চলিক কেন্দ্রের শুভ উদ্বোধন" :

## "উন্মুক্ত মানে নকল নয়, মানসম্পন্ন শিক্ষা ঘরে ঘরে পৌঁছে দিচ্ছে বাউবি" — উপাচার্য ড. ওবায়দুল ইসলাম

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের (বাউবি) শিক্ষা সম্প্রসারণ কার্যক্রমের অংশ হিসেবে খুলনার পাইকগাছা উপজেলায় আজ শনিবার (১৮ অক্টোবর ২০২৫) সকাল ১০ টায় বিশ্ববিদ্যালয়ের একটি উপ-আঞ্চলিক কেন্দ্রের আনুষ্ঠানিক উদ্বোধন ঘোষণা করা হয়েছে। অনুষ্ঠানটি খুলনা জেলার পাইকগাছা উপজেলায় অবস্থিত বাংলাদেশ মৎস্য গবেষণা ইনস্টিটিউটের সেমিনার হলে অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে উদ্বোধন ঘোষণা করেন, বাউবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. এ বি এম ওবায়দুল ইসলাম। তিনি বলেন– “বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় দেশের প্রত্যন্ত অঞ্চলের মানুষের দোরগোড়ায় শিক্ষা পৌঁছে দিতে নিরলসভাবে কাজ করছে।পাইকগাছা উপ-আঞ্চলিক কেন্দ্রের উদ্বোধনের মধ্য দিয়ে আরও একটি নতুন অধ্যায় সূচিত হলো। এটি উপকূলীয় অঞ্চলের শিক্ষার্থীদের জন্য উচ্চশিক্ষা অর্জনের নতুন দুয়ার খুলে দেবে"। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপাচার্য তাঁর বক্তব্যে আরো বলেন, " তিনি রাজনীতিক হিসেবে নয়, একজন শিক্ষক হিসেবে শিক্ষকদের মাঝে এসেছেন। বিশ্ববিদ্যালয়টি ১৯৯২ সালের ২১ অক্টোবর প্রতিষ্ঠিত হয়ে ৩৩ বছরে পদার্পণ করতে যাচ্ছে। এর মূল লক্ষ্য হলো প্রান্তিক ও অবহেলিত জনগোষ্ঠীর মাঝে দূরশিক্ষণ পদ্ধতির মাধ্যমে শিক্ষা বিস্তার করা, যাতে বয়স বা পেশা কোনো বাধা না হয়। তিনি উদাহরণ দেন ৭৫ বছর বয়সে বিএ পাস করা সাদেক আলী প্রামানিক নামে এক শিক্ষার্থীর কথা, যা প্রমাণ করে যে শিক্ষা আজ জীবনব্যাপী। উপাচার্য জোর দিয়ে বলেন, “উন্মুক্ত মানে নকল নয়, বরং মানসম্পন্ন শিক্ষা ঘরে ঘরে পৌঁছে দেওয়া। ” এছাড়াও বিশ্ববিদ্যালয় এখন বিএ, এমএ ছাড়াও কৃষি, মৎস্য, পোলট্রি, আইটি ও বিভিন্ন কারিগরি বিষয়ে সার্টিফিকেট ও ডিপ্লোমা কোর্স চালু করেছে, যাতে শিক্ষার্থীরা শুধু চাকরির জন্য নয়, উদ্যোক্তা হিসেবেও গড়ে উঠতে পারেন। তিনি জানান, বিশ্ববিদ্যালয় সারা দেশে ১২টি আঞ্চলিক ও ৮০টি উপ-আঞ্চলিক কেন্দ্র রয়েছে । পাইকগাছা ও কয়রা এলাকার মানুষের জন্য এ উপ-আঞ্চলিক কেন্দ্রটির আজ আনুষ্ঠানিক যাত্রা শুরু হলো, যাতে উপকূলীয় জনগণ ঘরে বসেই শিক্ষার সুযোগ পায়। বক্তব্যের শেষাংশে তিনি জানান, বিশ্ববিদ্যালয়ের সব আর্থিক লেনদেন এখন অনলাইনে হচ্ছে, সেশন জ্যাম প্রায় শেষ, সার্টিফিকেট ও আইডি কার্ড প্রাপ্তি সহজ হয়েছে। উপাচার্য শিক্ষার মান রক্ষা, নকল প্রতিরোধ ও দক্ষ মানবসম্পদ গঠনের মাধ্যমে একটি সুন্দর, শিক্ষিত ও কর্মক্ষম নতুন বাংলাদেশ গড়ার অঙ্গীকার ব্যক্ত করেন।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস) এর চেয়ারম্যান জনাব আনোয়ার আলদীন । তিনি বলেন, “পাইকগাছায় জাতীয় উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের উপ-আঞ্চলিক কেন্দ্র স্থাপন এ অঞ্চলের দীর্ঘদিনের প্রত্যাশিত উন্নয়নের দ্বার উন্মোচন করবে। ড. ওবায়দুল ইসলামের অক্লান্ত প্রচেষ্টায় এই মহৎ উদ্যোগ বাস্তবায়নের পথে, যা স্থানীয় শিক্ষার প্রসার ও জনকল্যাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।”

বাসস এর চেয়ারম্যান আরও বলেন, “ড. ওবায়দুল ইসলাম শুধু একজন খ্যাতনামা শিক্ষাবিদই নন, আন্তর্জাতিক পরিমণ্ডলেও তিনি বাংলাদেশের সুনাম বৃদ্ধি করেছেন। তাঁর দূরদর্শী নেতৃত্ব ও প্রজ্ঞা ভবিষ্যতে দেশের শিক্ষাক্ষেত্রে নতুন দিগন্ত সৃষ্টি করবে–এটাই আমাদের প্রত্যাশা।”

পাইকগাছা উপজেলার সহকারী কমিশনার (ভূমি) মোঃ ফজলে রাব্বি, পাইকগাছা সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর সমরেশ রায়ও বিশেষ অতিথি হিসেবে জ্ঞানগর্ভ বক্তব্য রাখেন।


অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, বাউবির প্রো-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক সাঈদ ফেরদৌস পিএইচডি। তিনি বলেন– "প্রো-উপাচার্য (প্রশাসন) তাঁর বক্তব্যে বলেন, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় কেবল সার্টিফিকেট প্রদানকারী নয়, বরং দেশের প্রত্যন্ত অঞ্চলের সাধারণ মানুষের দোরগোড়ায় শিক্ষা পৌঁছে দিতে প্রতিশ্রুতিবদ্ধ একটি সেবামূলক প্রতিষ্ঠান। দক্ষিণ খুলনায় উপ-আঞ্চলিক কেন্দ্র স্থাপনের মাধ্যমে এই লক্ষ্য আরও এক ধাপ এগিয়ে গেল। তিনি বলেন, এই প্রতিষ্ঠান জনগণের অর্থে পরিচালিত হওয়ায় জনগণের প্রতি জবাবদিহিতাও অত্যন্ত গুরুত্বপূর্ণ। সীমাবদ্ধতা ও নানা অভিযোগ সত্ত্বেও সেবার মান উন্নয়নে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সচেষ্ট এবং সংশ্লিষ্ট সবার সহযোগিতায় অগ্রগতি সম্ভব। স্থানীয় টিউটর, শিক্ষাবিদ, রাজনৈতিক নেতৃবৃন্দ ও জনগণের প্রতি কৃতজ্ঞতা জানিয়ে তিনি আশা প্রকাশ করেন, নতুন এই কেন্দ্র ভবিষ্যতে ঘরে ঘরে সুনাগরিক গড়ে তুলবে এবং বাংলাদেশের প্রত্যাশিত আগামীর নির্মাণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে।

স্বাগত বক্তব্য দেন বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার (অতিরিক্ত দায়িত্ব) অধ্যাপক মোঃ আনিছুর রহমান। তিনি বলেন, "পাইকগাছা উপ-আঞ্চলিক কেন্দ্র স্থাপনের মাধ্যমে এ অঞ্চলের মানুষ উন্মুক্ত শিক্ষার সুযোগ আরও সহজে পাবে। বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয় আজ শিক্ষাকে ঘরে ঘরে পৌঁছে দিতে বদ্ধপরিকর–এই কেন্দ্র তারই এক উজ্জ্বল দৃষ্টান্ত"।

এছাড়াও পাইকগাছা উপ-আঞ্চলিক কেন্দ্রের আওতাধীন বিভিন্ন প্রোগ্রামের স্টাডি সেন্টারের সমন্বয়কারী,টিউটর ও স্থানীয় নেতৃবৃন্দ বক্তব্য রাখেন। অনুষ্ঠানের সঞ্চালনা করেন বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা ও উন্নয়ন বিভাগের ভারপ্রাপ্ত পরিচালক মোঃ মাহফুজ উল আলম।

এ সময় বিশ্ববিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থী, পরিচালক, আঞ্চলিক পরিচালক, যুগ্ম-পরিচালক, কর্মকর্তা, কর্মচারী, গণমাধ্যমকর্মী ও স্থানীয় প্রশাসনসহ এলাকার গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন।

অনুষ্ঠান শেষে অতিথিরা পাইকগাছা উপ-আঞ্চলিক কেন্দ্রের দাপ্তরিক কার্যক্রম পরিদর্শন করেন এবং শিক্ষক-শিক্ষার্থী ও স্থানীয় জনগণের সঙ্গে মতবিনিময় করেন।



মোঃ জাহাঙ্গীর হোসেন পাইক
যুগ্ম-পরিচালক
মোবাইল: ০১৭১৪৫০৫৭৪৭